দৈনিক ইনকিলাব

দৈনিক ইনকিলাব

তারিখ 18 AUG 1989
পৃষ্ঠা ... ২ ... কলাম ... ৭ ...

# ফেনী আলীয়া মাদ্রাসায় হাজারী বাহিনীর হামলা ২০ জনছাত্র আহত

ফেনী, ১৭ আগষ্ট (সংবাদদাতার টেলিফোন)।— আজ সকাল ১১টায় ২৫/৩০ সদস্যের হাজারী বাহিনীর ১টি দল আকস্মিক ভাবে ক্লাশ চলাকালীন সময়ে ফেনী আলীয়া মাদ্রাসায় হামলা চালিয়ে কমপক্ষে ২০ জন মাদ্রাসার ছাত্রকে গুরুতর আহত করে। তারা এনামুল হক নামে ১ জন ছাত্রের গলায় ঘটনাস্থলে ছুরি চালায়। আশংকা জনক অবস্থায় এনামুল হকসহ গুরুতর আহত ১১ জন ছাত্রকে ফেনী সদর হাসপাতালে ভর্তি করা হয়েছে।

হামলা কারিদের কাছ থেকে ছাত্রদের রক্ষা করতে এসে মাদ্রাসার প্রিন্সিপাল তাদের দ্বারা বেদমভাবে প্রহৃত হয়েছেন। হামলার পূর্বে ফেনী কলেজ থেকে তারা জয়নাল হাজারী, শেখ হাসিনা ও আওয়ামী লীগ এর পক্ষে শ্লোগান দিতে দিতে মাদ্রাসার দিকে অগ্রসর হয়। এদের প্রত্যেকের হাতে রামদা হকি, ষ্টিক, কুঠার, চাপাটি ও ছোরাসহ মারাত্মক অস্ত্র শস্ত্র ছিলো। তারা মাদ্রাসায় ঢুকেই ছাত্রদের ধারালো এসব অস্ত্রদিয়ে

শেষ পৃঃ ১-এর কঃ দেখুন

## হাজারী বাহিনী

প্রথম পৃষ্ঠার পর

এলোপাথাড়ী কোপাতে থাকে। এই বর্বোরচিত হামলায় ফেনীতে চরম উত্তেজনা বিরাজ করছে। এ ঘটনার তীব্র নিন্দা করে জামায়াতে ইসলামী ফেনী জেলার আমীর জনাব এ, জি, এম, বদরুদ্দোজা, নায়েবে আমীর অধ্যাপক লিয়াকত আলী বিবৃতি প্রদান করেছেন তারা হামলাকারীদের দৃষ্টান্তমূলক শাস্তিদাবী করেন। উল্লেখ্য এই ঘটনাস্থল ছিলো ফেনী থানা থেকে ৩শ' গজ দূরে। ঘটনার সময় চিৎকার শুনে পুলিশ সেখানে পৌছলে তারা পালিয়ে যায়। এ ব্যাপারে ফেনী থানায় একটি মামলা দায়ের করা হয়েছে। অন্যদিকে আর ফেনী থানা পুলিশ ডাকাতি মালামাল ও গুলী ভর্তি রিভলবারসহ জয়নাল হাজারীর ২ সহযোগী শাহজাহান ও আলমকে গ্রেফতার করেছে।